



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২২২২



নং-বামাশিবো/প্রশাসন//৩২৩৭/৫ নথি নং- ময়মনসিংহ -১২৭

তারিখঃ ১০.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্র/স্মারক নং-০৫.৩০.৫৯০০.২১১.০৩.০১৬.১৮-৩০১(সং); তারিখঃ .২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন “ধুবুয়া ডি. এস. দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: মাকছুদুর রহমান নোমান ও অত্র মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার এর বিরুদ্ধে মাদ্রাসা পরিচালনার অনিয়ম ও স্বৈচ্ছাচারিতার অভিযোগ সম্বলিত ডিও লেটার স্থানীয় সংসদ সদস্য, ১৫৪ ময়মনসিংহ-৯, মো: আনোয়ারুল আবেদীন খান তুহিন কর্তৃক মাদ্রাসা বোর্ডে প্রেরণ করা হয়।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল, ময়মনসিংহ সরজমিন তদন্ত করে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে আনিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে এবং তদন্তকারী কর্মকর্তা বর্তমান কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের জন্য সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে চলমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে কেন এডহক কমিটি গঠন করা হবে না তা আগামী ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে




প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/ভারপ্রাপ্ত সুপার, “ধুবুয়া ডি. এস. দাখিল মাদ্রাসা,
ডাকঘর- খামারগাও, উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।



সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।